

COVID-19 টিকাসমূহ এখন 6 মাস থেকে 4 বছরের শিশুদের জন্য উপলব্ধ। আজই আপনার শিশুকে টিকা দিন!

একটি টিকাকরণ সাইট খুঁজে পেতে, nyc.gov/vaccinefinder এ যান অথবা 877-829-4692 নম্বরে ফোন করুন। যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার বাচ্চার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন বা 212-268-4319 নম্বরে ফোন করুন।

টিকা হল **নিরাপদ, কার্যকর, বিনামূল্যে** উপলব্ধ এবং **আপনার শিশু ও পরিবারকে** COVID-19 থেকে সুরক্ষিত রাখার সেরা উপায়, এমন কি আপনার শিশু যদি পূর্বে COVID-19 এর কারণে অসুস্থ হয়ে থাকে। পিতামাতা বা অভিভাবকদের অবশ্যই বাচ্চাদের টিকা নেওয়ার অনুমতি দিতে হবে এবং 15 বছরের থেকে কম বয়সী শিশুদের সাথে অবশ্যই একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে থাকতে হবে।

6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের কেন টিকা নিতে হবে?

সব বয়সের মানুষের COVID-19 হতে পারে এবং বেশি ছোঁয়াচে ভেরিয়েন্টগুলি শিশুদের COVID-19 এর ফলে বেশি অসুস্থ হওয়ার, হাসপাতালে ভর্তি হওয়ার এবং মারা যাওয়ার কারণ হয়েছে, তাই টিকা নেওয়া এখন আরো বেশি জরুরী। কিছু মানুষের ক্ষেত্রে COVID-19 (দীর্ঘ COVID) এর কারণে দীর্ঘ-মেয়াদী স্বাস্থ্য সমস্যাও হয়, যেমন শ্বাসকষ্ট, পেশি ও অস্থিসন্ধিতে ব্যথা, মাথা ব্যথা এবং ক্লান্তি। শিশুদের টিকা দেওয়া, তাদের চারপাশের মানুষদেরও সুস্থ রাখতে সাহায্য করে, বিশেষ করে যারা গুরুতর COVID-19 এর বর্ধিত ঝুঁকিতে আছেন।

6 মাস থেকে 4 বছর বয়সীদের জন্য, টিকার ব্র্যান্ড অনুযায়ী ডোজের সংখ্যা এবং সময়ের পরিসীমাগুলি কি কি?

বর্তমানে দুটি টিকার বিকল্প আছে, প্রতিটির জন্য ভিন্ন সংখ্যক ডোজ এবং সময়সীমা আছে টিকা নেওয়ার জন্য:

- Moderna: বয়স 6 মাস থেকে 5 বছর পর্যন্ত
 - দুটি ডোজ, চার থেকে আট সপ্তাহের তফাতে
- Pfizer: বয়স 6 মাস থেকে 4 বছর পর্যন্ত
 - তিনটি ডোজ, তিন থেকে আট সপ্তাহ প্রথম ও দ্বিতীয় ডোজের মধ্যে; তারপর আট সপ্তাহ দ্বিতীয় ও তৃতীয় ডোজের মধ্যে

আমার বাচ্চা কি COVID-19 টিকাগুলির একটি নিতে পারে তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীদের অফিসে অথবা ফার্মেসিতে?

- আপনার প্রদানকারীকে কল করুন নিশ্চিত করতে যে তারা টিকা প্রদান করছেন, তারপরে একটি অ্যাপয়েন্টমেন্ট নিন। সেখানে থাকার সময় জেনে নিন আপনার বাচ্চা অন্যান্য বিপজ্জনক রোগ যেমন হাম, মাম্পস, হুপিং কাশি এবং চিকেন পক্সের বিরুদ্ধে তার নিয়মিত টিকার ক্ষেত্রে হালনাগাদ আছে কিনা। আপনার বাচ্চা অন্যান্য টিকার সাথে একই সময়ে COVID-19 টিকা নিতে পারবে।
- আপনার যদি একজন প্রদানকারী না থাকে তাহলে 212-268-4319 নম্বরে কল করুন NYC Health + Hospitals এর মাধ্যমে একজনকে পাওয়ার জন্য। অভিবাসন স্থিতি, বীমা বা অর্থ প্রদান করার ক্ষমতা নির্বিশেষে নিউ ইয়র্ক সিটিতে পরিচর্যা প্রদান করা হয়।
- আপনি ফার্মেসিতে খোঁজ করে দেখতে পারেন আপনার বাচ্চার বয়সী শিশুদের জন্য তারা টিকা প্রদান করছেন কিনা।

**NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY**

NYC



শহর কি শিশুদের জন্য কোন টিকাকরণ সাইট পরিচালনা করবে?

হ্যাঁ। জুলাই এবং আগস্ট মাসে শহর 10টি সাইট পরিচালনা করবে কেবল 6 মাস থেকে 5 বছরের শিশুদের টিকা দেওয়ার জন্য। একটি টিকাকরণ সাইট খুঁজে পেতে, nyc.gov/vaccinefinder এ যান।

টিকাগুলি যে নিরাপদ ও শিশুদের জন্য কাজ করে তা আমরা কিভাবে জানব?

6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের মধ্যে পুঙ্খানুপুঙ্খভাবে গবেষণা করা হয়েছে এবং দেখা গেছে সেটি অত্যন্ত নিরাপদ এবং কার্যকর। প্রক্রিয়াটি মার্কিন খাদ্য ও ড্রাগ প্রশাসন (U.S. Food and Drug Administration) এবং অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের দ্বারা নিকটভাবে পর্যবেক্ষণ করা হয়েছিল। লক্ষ্য লক্ষ্য 5 বছর ও তার বেশি বয়সী শিশুদের COVID-19 এর বিরুদ্ধে নিরাপদে টিকা দেওয়া হয়েছে।

পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

বাচ্চাদের প্রাপ্তবয়স্কদের মত একই রকম পার্শ্ব প্রতিক্রিয়া হয়, যার মধ্যে আছে শট নেওয়ার জায়গায় বাহুতে ব্যথা হওয়া, মাথা ব্যথা বা জ্বর হওয়া, এবং ক্লান্ত ও বেদনা ক্লিষ্ট বোধ করা। শরীর যে প্রতিরক্ষা গড়ে তুলছে এগুলো তারই লক্ষণ। পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সাধারণত এক থেকে দুই দিন থাকে। গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ অত্যন্ত বিরল, এবং COVID-19 এর ঝুঁকি এর চেয়ে অনেক বেশি।

শিশুদের কি টিকা নিতে অনুমতির প্রয়োজন আছে? তাদের কি বীমা, পরিচয়পত্র (ID) বা অন্য কোনো নথিপত্র দরকার হবে?

বাবা-মায়ের মধ্যে একজন বা একজন অভিভাবককে অবশ্যই শিশুর সাথে টিকাকরণ সাইটে যেতে হবে, সশরীরে অ্যাপয়েন্টমেন্টের সময় সন্মতি প্রদান করতে হবে এবং সাথে শিশুর বয়সের প্রমাণ, যেমন ID বা জন্মের সনদ নিয়ে আসতে হবে, বা সশরীরে শিশুর বয়সের প্রত্যয়ন করতে হবে। বাবা-মা এবং অভিভাবকদের অভিবাসনের স্থিতি, সোশাল সিকিউরিটি নম্বর বা বীমা প্রদান করার প্রয়োজন নেই। বাবা-মায়ের মধ্যে একজন বা অভিভাবকের যদি বীমা থাকে, তাহলে সেখানে বিল করা হতে পারে, কিন্তু তাকে কোনো কো-পে বা অন্য ফি দিতে হবে না।